রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬
ওয়েবসাইটঃ www.rakub.org.bd
ই-মেইলঃ dgmpd@rakub.org.bd

সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।
সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৫/২০১৮ তারিখ: ২৮-১১-২০১৮

বিষয়: রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অক্টোবর ২০১২ তে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রণয়ন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের রূপকল্প 'সুখী সমৃদ্ধ সোনার বাংলা' এবং অভিলক্ষ্য 'রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা'। সরকারের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে প্রধান করে ১৮ সদস্য বিশিষ্ট একটি নৈতিকতা কমিটি প্রধান কার্যালয়ে কাজ করছে। ব্যাংকের মহাব্যবস্থাপক (প্রশাসন) নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করছেন। অনুরূপভাবে ব্যাংকের মাঠ পর্যায়ের সকল শাখা, জোনাল কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন করে কমিটিগুলোর কার্যপরিধি ও ফোকাল পয়েন্ট এর কর্তব্য নির্ধারণ করা হয়েছে। রাকাবের সকল শাখা/কার্যালয়ে গঠিত নৈতিকতা কমিটি মাসিক ভিত্তিতে নির্ধারিত সময়ে সভা আয়োজন করে থাকে। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় অন্যান্য কর্মকান্ডের সাথে শুদ্ধাচারের জন্য পুরস্কার প্রদানের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। জাতীয় শুদ্ধাচার পুরস্কার নীতিমালা-২০১৭ সরকার কর্তৃক প্রণয়ন করা হয়েছে। সরকার কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে পরিচালনা পর্ষদের ৪৮৫তম সভায় (তারিখ: ৩১-১০-২০১৮) রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮ অনুমোদন দেয়া হয়েছে যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। পরিচালনা পর্ষদ কর্তৃক রাকাব শুদ্ধাচার পুরস্কার নীতিমালা ২০১৭-২০১৮ অর্থবছর হতে কার্যকরের অনুমোদন দেয়া হয়েছে। ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য মূল্যায়ন ফরম ডাউনলোড, জমাদান এবং বাছাই প্রক্রিয়া নীতিমালায় উল্লিখিত তারিখ ও পদ্ধতি অনুযায়ী হবে। ২০১৭-২০১৮ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মূল্যায়ন ফরম ডাউনলোড, জমাদান এবং বাছাই প্রক্রিয়া নিম্ন বর্ণিত সময় সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক) প্রধান কার্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত-কর্মচারীগণ মূল্যায়ন ফরম (ব্যাংকের ওয়েব সাইট হতে ডাউনলোড করতে হবে) পূরণ করে ডিসেম্বর, ২০১৮ মাসের ১৫ তারিখের মধ্যে নীতিমালায় উল্লিখিত মূল্যায়নকারীর নিকট দাখিল করবেন। মূল্যায়নকারী কর্মকর্তা জমাকৃত ফরম মূল্যায়ন করে নীতিমালার নির্দেশনা মোতাবেক ডিসেম্বর, ২০১৮ মাসের ২৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় শুদ্ধাচার কমিটির সদস্য-সচিব (উপ-মহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ) বরাবর প্রেরণ করবেন। কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য-সচিব নীতিমালায় বর্ণিত নির্দেশনা অনুযায়ী কমিটির সভা আয়োজন করবে। কমিটি ১৫ জানুয়ারি ২০১৯ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কারের তালিকা চূড়ান্ত করবে।

খ) মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে জোনাল ব্যবস্থাপক ও জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ ডিসেম্বর, ২০১৮ মাসের ১৫ তারিখের মধ্যে মূল্যায়ন ফরম পূরণ করে স্ব স্ব মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা বরাবর দাখিল করবেন। মহাব্যবস্থাপক এবং বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণ তাদের নিকট দাখিলকৃত ফরম মূল্যায়ন করে ডিসেম্বর, ২০১৮ মাসের ২৫ তারিখের মধ্যে কেন্দ্রীয় শুদ্ধাচার কমিটির সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন।

চলমান পাতা-০২

অপরদিকে জোনাল কার্যালয় ও জোনাল নিরীক্ষা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ ডিসেম্বর, ২০১৮ মাসের ১৫ তারিখের মধ্যে মূল্যায়ন ফরম পূরণ করে স্ব স্ব জোনাল ব্যবস্থাপক ও জোনাল নিরীক্ষা কর্মকর্তার নিকট, শাখা ব্যবস্থাপকগণ স্ব স্ব জোনাল ব্যবস্থাপকের নিকট এবং শাখায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ স্ব স্ব ব্যবস্থাপকের নিকট দাখিল করবেন। মূল্যায়নকারী কর্মকর্তাগণ তাদের নিকট দাখিলকৃত ফরম মূল্যায়ন করে ডিসেম্বর, ২০১৮ মাসের ২০ তারিখের মধ্যে সদস্য-সচিব জোনাল বাছাই কমিটি বরাবর প্রেরণ করবেন। জোনাল বাছাই কমিটির সদস্য-সচিব নীতিমালায় বর্ণিত নির্দেশনা অনুযায়ী কমিটির সভা আয়োজন করবেন।

জোনাল বাছাই কমিটি কার্যবিবরণীসহ নির্বাচিতদের তালিকা ডিসেম্বর, ২০১৮ মাসের ৩১ তারিখের মধ্যে কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার কমিটির সদস্য-সচিব বরাবর (উপ-মহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ) প্রেরণ করবেন। কেন্দ্রীয় বাছাই কমিটি মাঠ পর্যায়ের জন্য জোনাল ব্যবস্থাপক এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণের মূল্যায়ন ফরম এবং জোনাল বাছাই কমিটির তালিকা/কার্যবিবরণী পর্যালোচনা করে নীতিমালা অনুযায়ী ১৫ জানুয়ারি,২০১৯ তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কারের তালিকা চূড়ান্ত করবে।

০৩। প্রত্যেক অর্থবছরের শেষ কর্মদিবসে কর্মকর্তা-কর্মচারী যে কর্মকর্তার নিয়ন্ত্রণধীন থাকবেন সেই কর্মকর্তাই মূল্যায়নকারী কর্মকর্তা হিসেবে বিবেচিত হবেন।

ইহা অবিলম্বে কার্যকর হবে।

২৮/১১/১৮

(মোঃ মোয়াজ্জেম হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/কব্যবি-৯৩/২০১৮-২০১৯/১৮৮০(৪৫০) তারিখ : ২৮-১১-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবসহা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪. মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। (সার্কুলারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
৬. অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
৭. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকার, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৮. উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১০. সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১১. ব্যবস্থাপক(সমন্ব্য), রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২. সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৩. সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪. অফিস নথি।

২৮/১১/১৮

(মোঃ কামরুজ্জামান কাদরী)
সহকারী মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

কর্মী ব্যবস্থাপনা বিভাগ

ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬
ওয়েবসাইটঃ www.rakub.org.bd
ই-মেইল-dgmpd@rakub.org.bd

বিষয়: রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা-২০১৮

১। উদ্দেশ্যে : রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের উদ্দেশ্যে এ নীতিমালা প্রণয়ন করা হলো। এ নীতিমালা অনুসরণ করে প্রতি অর্থবছরে একবার ব্যাংকে কর্মরতদের মধ্যে শুদ্ধাচার চর্চায় নির্বাচিত কর্মকর্তা-কর্মচারীদের পুরস্কার প্রদান করা হবে।

২। পুরস্কার প্রদানের ক্ষেত্রসমূহ :

শুদ্ধাচার চর্চার জন্য নিম্নোক্ত ক্ষেত্রসমূহ বিবেচনা করা হবে :

২.১ সংস্থা প্রধান হিসেবে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পুরস্কার বিবেচনার বিষয়টি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন। পুরস্কারের সংখ্যা হবে ১ (এক)।

২.২ **প্রধান কার্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের জন্য প্রযোজ্য :**

এ ব্যাংকের গ্রেড-২ ভুক্ত উপ-ব্যবস্থাপনা পরিচালক ও মহাব্যবস্থাপকগণ, প্রধান কার্যালয়ের সকল সচিবালয়/দপ্তর/বিভাগ/ইউনিট/সেল, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত ২জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ২ জন কর্মচারীসহ মোট ৪ জন শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন। পুরস্কারের সংখ্যা হবে ৪ (চার)।

২.৩ **মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রযোজ্য :**

ব্যাংকের সকল জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং শাখাসমূহে কর্মরত গ্রেড-৩ হতে গ্রেড-১০ ভুক্ত ২জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত ২ জন কর্মচারীসহ প্রতিটি বিভাগের (রাজশাহী ও রংপুর) জন্য মোট ৪জন করে শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন। পুরস্কারের সংখ্যা হবে ৮(আট)।

২.৪ মোট পুরস্কারের সংখ্যা : অনুচ্ছেদ ২.১, ২.২ ও ২.৩ এর বর্ণনামতে মোট পুরস্কারের সংখ্যা হবে ১৩ (তের)।

৩। মুল্যায়ন পদ্ধতি:

নীতিমালায় বর্ণিত সূচক (Indicator) এর ভিত্তিতে এবং প্রদত্ত পদ্ধতি অনুসরণ করে এ পুরস্কার প্রদানের জন্য কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করা হবে। পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করার ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৮টি সূচকে ৯০ নম্বর এবং ব্যাংক কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রমে ছকের ১৯ নং সূচকে ১০ নম্বর সহ নিম্নের ছকে উল্লিখিত মোট ১০০ নম্বর বিবেচনা করা হবে:

ছক: শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (Indicator)

ক্রমিক নং	সূচক	নম্বর	প্রাপ্ত নম্বর
১.	পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫	
২.	সততার নিদর্শন	৫	
৩.	নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা	৫	
৪.	শৃঙ্খলাবোধ	৫	
৫.	সহকর্মীদের সঙ্গে আচরণ	৫	

চলমান পাতা-০২

ক্রমিক নং	সূচক	নম্বর	প্রাপ্ত নম্বর
৬.	সেবা গ্রহীতার সঙ্গে আচরণ	৫	
৭.	প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা	৫	
৮.	সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা	৫	
৯.	তথ্য ও প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা	৫	
১০.	পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা	৫	
১১.	ছুটি গ্রহণের প্রবণতা	৫	
১২.	উদ্ভাবন চর্চা	৫	
১৩.	বার্ষিক কর্মসম্পাদনে তৎপরতা	৫	
১৪.	সোশ্যাল মিডিয়া ব্যবহার	৫	
১৫.	স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ	৫	
১৬.	উপস্থাপন দক্ষতা	৫	
১৭.	ই-ফাইল ব্যবহারে আগ্রহ	৫	
১৮.	অভিযোগ প্রতিকারে সহযোগিতা	৫	
* ১৯.	ব্যাংক কর্তৃক ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রম সম্পাদন	১০	
	মোট	১০০	

* ১৯ নং ক্রমিকে বর্ণিত ১০ নম্বর শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি প্রদান করবেন। আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, মামলা নিষ্পত্তি, চাকরি জীবনে শাস্তিপ্রাপ্ত না হওয়া, অর্পিত দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব পালনে আগ্রহ, ব্যাংকের উন্নয়নে ব্যক্তিগত উদ্যোগ, ব্যাংকের জন্য অধিকতর কল্যাণ, সেবা/কাজ সহজীকরণ ও লাভজনক পদ্ধতি উদ্ভাবন (Innovation), সমষ্টিগতভাবে কাজ করার দক্ষতা, ব্যক্তিত্ব, সময়ানুবর্তিতা, বুদ্ধিমত্তা, প্রতিবেদন বা বিবরণী প্রস্তুতকরণের দক্ষতা, সঠিক সিদ্ধান্ত গ্রহণ/সুপারিশ করার দক্ষতা, গোপনীয়তা রক্ষার বিষয়ে সতর্কতা, বাংলা ভাষা ব্যবহারে আগ্রহ ও দক্ষতা, ব্যাংকের সার্কুলার বিষয়ে জ্ঞান ইত্যাদি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) ভিত্তিতে পুরস্কার বাছাই কমিটি বর্ণিত ১০ নম্বর প্রদান করবেন।

৪। পুরস্কার প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ:

৪.১ বিবেচ্য কর্মকর্তা-কর্মচারীকে প্রতি অর্থবছরে ন্যূনতম ৬ (ছয়) মাস ব্যাংকে চাকরি করতে হবে।

৪.২ কোন কর্মকর্তা-কর্মচারীর গুণাবলির সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বরের ভিত্তিতে সেরা কর্মকর্তা-কর্মচারী হিসেবে মূল্যায়ন করা হবে।

৪.৩ কোন কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নম্বর ন্যূনতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪.৪ সর্বোচ্চ নম্বর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী শুদ্ধাচার পুরস্কারের জন্য বিবেচিত হবেন।

৪.৫ মূল্যায়নের পর একাধিক কর্মকর্তা-কর্মচারী একই নম্বর পেলে লটারির ভিত্তিতে সেরা কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করা হবে।

৪.৬ কোন কর্মকর্তা-কর্মচারী যে কোন অর্থবছরে একবার শুদ্ধাচার পুরস্কার পেলে তিনি পরবর্তী ৩ অর্থবছরের মধ্যে পুনরায় পুরস্কার পাওয়ার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪.৭ সাময়িকভাবে বরখাস্তকৃত এবং যে সকল কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় শৃঙ্খলা মোকদ্দমা অনিষ্পন্ন আছে তারা পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৪.৮ কোন কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক কোন বিরূপ মন্তব্য লিখা থাকলে শুদ্ধাচার পুরস্কারের জন্য উক্ত কর্মকর্তা-কর্মচারী বিবেচিত হবেন না।

৫। মূল্যায়ন ফরম জমাদান ও বাছাই প্রক্রিয়া:

ব্যাংকের ওয়েব সাইটে মূল্যায়ন ফরম পাওয়া যাবে। সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীকে ব্যক্তিগত উদ্যোগে ওয়েব সাইট হতে উক্ত মূল্যায়ন ফরম ডাউনলোড করতে হবে। ১ জুলাই হতে ৩০ জুন পর্যন্ত সময়কালের মূল্যায়ন ফরম পরবর্তী অর্থবছরের ১০ জুলাই তারিখের মধ্যে দাখিল করতে হবে।

চলমান পাতা-০৩

৫.১ প্রধান কার্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের ক্ষেত্রে মূল্যায়ন ফরম জমাদান ও বাছাই প্রক্রিয়া:

ক) উপ-ব্যবস্থাপনা পরিচালক এবং সকল মহাব্যবস্থাপক মূল্যায়ন ফরম সরাসরি ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করবেন।

খ) প্রধান কার্যালয়ের বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অধ্যক্ষ, ঢাকা কর্পোরেট শাখার ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়ের ব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তাগণ এবং বিভাগীয় কার্যালয়ে কর্মরত উপ-মহাব্যবস্থাপকগণ মূল্যায়ন ফরম স্ব স্ব মহাব্যবস্থাপক বরাবর দাখিল করবেন।

গ) প্রধান কার্যালয়, প্রশিক্ষণ ইনস্টিটিউট, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা, বিভাগীয় কার্যালয় এবং বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ে কর্মরত সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় প্রধান ব্যতিত) হতে তদনিম্ন সকল কর্মকর্তা-কর্মচারী স্ব স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বরাবর দাখিল করবেন।

ঘ) উপরিউক্ত সকল মূল্যায়নকারী কর্মকর্তাগণ প্রাপ্ত মূল্যায়ন ফরমের নির্ধারিত ছকে নম্বর প্রদান করে গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১জন কর্মচারীসহ মোট ২ জনকে মনোনয়ন দিয়ে জুলাই মাসের ২০ তারিখের মধ্যে গোপনীয় খামে কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য-সচিব (উপ-মহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ) বরাবর প্রেরণ করবেন।

ঙ) কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য-সচিব মূল্যায়নকৃত ফরমসমূহের প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে গোপনীয়ভাবে গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মকর্তাগণের একটি তালিকা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীগণের অপর একটি তালিকা প্রস্তুত করে কমিটির সভা আয়োজন করে সভায় উপস্থাপন করবেন। বাছাই কমিটি উপস্থাপিত তালিকা দুইটি যথাযথভাবে পর্যালোচনা করে প্রয়োজন মনে করলে কোন কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নম্বরে সংযোজন/বিয়োজন করে গ্রেড-২ হতে গ্রেড-১০ ভুক্ত ২ জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত ২ জন কর্মচারী, মোট ৪ জনকে চূড়ান্ত নির্বাচন করবেন।

৫.২ মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে মূল্যায়ন ফরম জমাদান ও বাছাই প্রক্রিয়া :

ক) জোনাল ব্যবস্থাপক এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ মূল্যায়ন ফরম স্ব স্ব মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা বরাবর দাখিল করবেন।

খ) জোনাল কার্যালয় এবং জোনাল নিরীক্ষা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ মূল্যায়ন ফরম স্ব স্ব জোনাল ব্যবস্থাপক এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তার নিকট দাখিল করবেন।

গ) শাখা ব্যবস্থাপকগণ মূল্যায়ন ফরম স্ব স্ব জোনাল ব্যবস্থাপকের নিকট দাখিল করবেন।

ঘ) শাখায় কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণ মূল্যায়ন ফরম স্ব স্ব ব্যবস্থাপকের নিকট দাখিল করবেন।

ঙ) জোনাল ব্যবস্থাপক ও জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণের মূল্যায়নকারী সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক ও বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা মূল্যায়নপূর্বক জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ১ জন কর্মকর্তা নির্বাচন করে কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটির সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন।

জোনাল ব্যবস্থাপক ও জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণ ব্যতিত মাঠ পর্যায়ের অন্যান্য কর্মকর্তা-কর্মচারীগণের মূল্যায়নকারী কর্মকর্তাগণ মূল্যায়নপূর্বক জুলাই মাসের ১৫ তারিখের মধ্যে গোপনীয় খামে জোনাল বাছাই কমিটির সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন। জোনাল বাছাই কমিটির সদস্য-সচিব মূল্যায়নকৃত ফরমসমূহের প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত কর্মকর্তাগণের একটি তালিকা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত কর্মচারীগণের অপর একটি তালিকা প্রস্তুত করে কমিটির সভায় উপস্থাপন করবেন। জোনাল বাছাই কমিটি উপস্থাপিত তালিকা দুটি পর্যালোচনা করে প্রয়োজন মনে করলে কোন কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নম্বরে সংযোজন/বিয়োজন করে গ্রেড-৪ হতে গ্রেড-১০ ভুক্ত ১ জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত ১ জন কর্মচারী, মোট ২ জনকে নির্বাচন করবেন। জোনাল বাছাই কমিটি কার্যবিবরণীসহ নির্বাচিতদের তালিকা ২০ জুলাই তারিখের মধ্যে কেন্দ্রীয় শুদ্ধাচার পুরস্কার কমিটির সদস্য-সচিব বরাবর (উপ-মহাব্যবস্থাপক, মানব সম্পদ উন্নয়ন বিভাগ) প্রেরণ করবেন।

চলমান পাতা-০৪

কেন্দ্রীয় বাছাই কমিটি মাঠ পর্যায়ের জন্য জোনাল ব্যবস্থাপক এবং জোনাল নিরীক্ষা কর্মকর্তাগণের মূল্যায়ন ফরম এবং জোনাল বাছাই কমিটির তালিকা/কার্যবিবরণী পর্যালোচনা করে প্রয়োজন মনে করলে কোন কর্মকর্তা-কর্মচারীর প্রাপ্ত নম্বরে সংযোজন/বিয়োজন করে প্রতিটি বিভাগের জন্য গ্রেড-৩ হতে গ্রেড-১০ ভুক্ত ২ জন কর্মকর্তা এবং গ্রেড-১১ হতে গ্রেড ২০ ভুক্ত ২ জন কর্মচারী, মোট ৪ জনকে চূড়ান্ত নির্বাচন করবেন।

৬। শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য বাছাই কমিটি গঠন:

শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য জোনাল বাছাই কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

১. জোনাল ব্যবস্থাপক	- সভাপতি
২. জোনাল নিরীক্ষা কর্মকর্তা	- সদস্য
৩. জেলা শাখার ব্যবস্থাপক	- সদস্য
৪. জোনাল ব্যবস্থাপক এর পরবর্তী জ্যেষ্ঠতম কর্মকর্তা	- সদস্য-সচিব

শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের জন্য কেন্দ্রীয় বাছাই কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো :

১. উপ-ব্যবস্থাপনা পরিচালক/জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক (প্রধান কার্যালয়)	- সভাপতি
২. প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপক	- সদস্য
৩. উপ-মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ	- সদস্য
৪. উপ-মহাব্যবস্থাপক শাখা নিয়ন্ত্রণ বিভাগ	- সদস্য
৫. উপ-মহাব্যবস্থাপক আইসিটি বিভাগ	- সদস্য
৬. উপ-মহাব্যবস্থাপক মানব সম্পদ উন্নয়ন বিভাগ	- সদস্য-সচিব

৭। পুরস্কারের মান:

পুরস্কার হিসেবে ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষরে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রদান করা হবে।

৮। মানব সম্পদ উন্নয়ন বিভাগ শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কারপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের সার্টিফিকেট ব্যক্তিগত নথি সংরক্ষণকারী কার্যালয়/বিভাগে প্রেরণ করবেন। নথি সংরক্ষণকারী কার্যালয়/বিভাগ উক্ত সার্টিফিকেটের একটি কপি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণপূর্বক পুরস্কার সংক্রান্ত তথ্য সার্ভিস বহিতে লিপিবদ্ধ করবে।

৯। ব্যাংকের খরচ খাত ১৩৩/১৬ পুরস্কার হিসাব ডেবিট করে শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। বাজেট ও ব্যয় নিয়ন্ত্রণ বিভাগ সংশ্লিষ্ট খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের ব্যবস্থা করবে।

১০। রাকাব শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭-২০১৮ অর্থবছর হতে কার্যকর বলে গণ্য হবে। সেক্ষেত্রে বিগত ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য মূল্যায়ন ফরম ডাউনলোডের তারিখ ও জমাদান এবং বাছাই প্রক্রিয়ার তারিখ সার্কুলারের মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে।

পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে-

২৮/১১/১৮

মোঃ মোয়াজ্জেম হোসেন
উপ-মহাব্যবস্থাপক

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....

....

ফোনঃ ০২৪৭-৮৬০৫০৬
ফ্যাক্সঃ ০২৪৭-৮৬০৫০৬
ওয়েবসাইটঃ www.rakub.org.bd
ই-মেইল-dgmpd@rakub.org.bd

শুদ্ধাচার পুরস্কার প্রদানের মূল্যায়ন ফরম

নাম: ...., পদবী: ....,

বর্তমান কর্মস্থল: ....জন্ম তারিখ: ....

শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ

ক্রমিক নং	সূচক	নম্বর	মূল্যায়নকারী কর্তৃক প্রদত্ত নম্বর	জোনাল বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত নম্বর (সংযোজন/বিয়োজনকৃত)	কেন্দ্রীয় বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত নম্বর (সংযোজন/বিয়োজনকৃত)
১.	পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫			
২.	সততার নিদর্শন	৫			
৩.	নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা	৫			
৪.	শৃঙ্খলাবোধ	৫			
৫.	সহকর্মীদের সঙ্গে আচরণ	৫			
৬.	সেবা গ্রহীতার সঙ্গে আচরণ	৫			
৭.	প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা	৫			
৮.	সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা	৫			
৯.	তথ্য ও প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা	৫			
১০.	পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা	৫			
১১.	ছুটি গ্রহণের প্রবণতা	৫			
১২.	উদ্ভাবন চর্চা	৫			
১৩.	বার্ষিক কর্মসম্পাদনে তৎপরতা	৫			
১৪.	সোশ্যাল মিডিয়া ব্যবহার	৫			
১৫.	স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ	৫			
১৬.	উপস্থাপন দক্ষতা	৫			
১৭.	ই-ফাইল ব্যবহারে আগ্রহ	৫			
১৮.	অভিযোগ প্রতিকারে সহযোগিতা	৫			
১৯.	ব্যাংক কর্তৃক ধার্য্যকৃত অন্যান্য কার্যক্রম সম্পাদন (বাছাই কমিটি কর্তৃক প্রদত্ত নম্বর)	১০			
	মোট	১০০			

* ১৯ নং ক্রমিকে বর্ণিত ১০ নম্বর শুদ্ধাচার পুরস্কার বাছাই কমিটি প্রদান করবেন। আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায়, মামলা নিষ্পত্তি, চাকরি জীবনে শাস্তিপ্রাপ্ত না হওয়া, অর্পিত দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব পালনে আগ্রহ, ব্যাংকের উন্নয়নে ব্যক্তিগত উদ্যোগ, ব্যাংকের জন্য অধিকতর কল্যাণ, সেবা/কাজ সহজীকরণ ও লাভজনক পদ্ধতি উদ্ভাবন (Innovation), সমষ্টিগতভাবে কাজ করার দক্ষতা, ব্যক্তিত্ব, সময়ানুবর্তিতা, বুদ্ধিমত্তা, প্রতিবেদন বা বিবরণী প্রস্তুতকরণের দক্ষতা, সঠিক সিদ্ধান্ত গ্রহণ/সুপারিশ করার দক্ষতা, গোপনীয়তা রক্ষার বিষয়ে সতর্কতা, বাংলা ভাষা ব্যবহারে আগ্রহ ও দক্ষতা, ব্যাংকের সার্কুলার বিষয়ে জ্ঞান ইত্যাদি (যার ক্ষেত্রে যা প্রযোজ্য) ভিত্তিতে পুরস্কার বাছাই কমিটি বর্ণিত ১০ নম্বর প্রদান করবেন।

চলমান পাতা-০২

মূল্যায়নকারী কর্মকর্তার সীলসহ স্বাক্ষর

জোনাল বাছাই কমিটির সুপারিশ :

সদস্য-সচিব	সদস্য	সদস্য	সভাপতি

কেন্দ্রীয় বাছাই কমিটির সুপারিশ :

সদস্য-সচিব	সদস্য	সদস্য	সদস্য	সদস্য	সভাপতি